**AKASHVANI(AIR)**

**RNU:KOLKATA**

**BengaliText Bulletin**

**Date 01-02-2026 Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আজ লোকসভায় ২০২৬-২৭ অর্থবর্ষের কেন্দ্রীয় বাজেট পেশ করেছেন।

বাজেটে অর্থনৈতিক সংস্কারের ওপর জোর দেওয়া হয়েছে। ক্ষুদ্র ও মাঝারি শিল্পের জন্য ১০ হাজার কোটি টাকার বিশেষ তহবিলের প্রস্তাব।

জৈব ভিত্তিক ওষুধ শিল্পের জন্য বায়ো ফার্মা' প্রকল্পের প্রস্তাব।

২) নতুন আয়কর আইন ২০২৫ চলতি বছরের পয়লা এপ্রিল থেকে কার্যকর হবে। কর কাঠামো অপরিবর্তিত রাখা হয়েছে। আয় গোপনের ক্ষেত্রে ১শো শতাংশ হারে অতিরিক্ত শাস্তিমূলক কর ধার্যের প্রস্তাব করেছেন অর্থমন্ত্রী।

৩) শ্রীমতি সীতারামন আজ লোকসভায় ষোড়শ অর্থ কমিশনের রিপোর্ট পেশ করেছেন। ২০২৬ এর অর্থ বিলও পেশ করা হয়েছে। বাজেট পেশের পর মুলতুবি হয়ে গেছে লোকসভার অধিবেশন।

৪) কেন্দ্রীয় মন্ত্রী সহ বনিকসভা এবারের বাজেটকে স্বাগত জানিয়েছে। তবে বাজেট বেশের পর শেয়ার বাজারে নিম্নমুখী প্রবণতা লক্ষ্য করা গেছে।

৫) সন্ত গুরু রবিদাসের ৬৪৯-তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পাঞ্জাব সফরে যাবেন।

oooooooooooooooo

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আজ লোকসভায় ২০২৬-২৭ অর্থবর্ষে বাজেট পেশ করেছেন। তিনি এবারের বাজেটে অর্থনৈতিক সংস্কারের ওপর বিশেষ জোর দিয়েছেন। যুব শক্তি চালিত এবারের বাজেটে দেশের অর্থনীতির বৃদ্ধি ত্বরান্বিত করার লক্ষ্যে তিনটি কর্তব্যের কথা উল্লেখ করেন তিনি। এগুলি হল অর্থনৈতিক সংস্কার জোরদার করা, দেশের মানুষের আশা আকাঙ্খা পূরণের উদ্যোগ গ্রহণ এবং **সব কা সাথ সব কা বিকাশের** লক্ষ্যে এগিয়ে যাওয়া। শ্রীমতি সীতারামন, ক্ষুদ্র ও মাঝারি শিল্পক্ষেত্রের উন্নয়নের সরকারি উদ্যোগের কথা বলেছেন। তিনি এজন্য ১০ হাজার কোটি টাকার বিশেষ তহবিলের প্রস্তাব করেছেন। এছাড়াও **স্বনির্ভর ভারত তহবিল** নামে ২ হাজার কোটি টাকা ব্যয়ে একটি বিশেষ তহবিলের কথা বলেছেন। **এমএসএমই** ক্ষেত্রে লেনদেন সংক্রান্ত বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে একটি বিশেষ ব্যবস্থা গড়ে তোলার কথাও বলেছেন। এম এস এম ই তে **কর্পোরেট মিত্র** নামে একটি ব্যবস্থার মাধ্যমে পেশাদারী সহায়তা প্রদান করার প্রস্তাব করেছেন অর্থমন্ত্রী। এক্ষেত্রে বিনিয়োগের উর্ধ্বসীমা বাড়িয়ে ১২ দশমিক ২ লক্ষ কোটি টাকা করা হয়েছে।

শ্রীমতি সীতারামন দেশে **জৈব ভিত্তিক ওষুধ শিল্পের** জন্য **বায়ো ফার্মা শক্তি** নামে একটি প্রকল্পের প্রস্তাব করেছেন।

(বাইট- সীতারামন বায়ো ফার্মা)

আগামী ৫ বছরে এর জন্য ১০ হাজার কোটি টাকা ব্যয় করা হবে। ভারতকে বায়ো ফার্মা ও বায়ো সিমিলার ধরনের ওষুধপত্রের গ্লোবাল হাব হিসাবে গড়ে তুলতে

সরকার উদ্যোগ নেবে বলে তিনি জানিয়েছেন। এই লক্ষ্যে ফার্মাসিউটিক্যাল পেশার প্রশিক্ষণ ও শিক্ষার উন্নয়নের লক্ষ্যে ৩টি নতুন প্রতিষ্ঠান

গড়ে তোলা হবে বলে তিনি প্রস্তাব করেছেন। দেশের ওষুধ শিল্পকে আন্তর্জাতিক মানের উন্নীত করার লক্ষ্যে তিনি কেন্দ্রীয় ড্রাগ কন্ট্রোল কর্তৃপক্ষের কাজকর্মের আধুনিকীকরণের ওপর জোর দিয়েছেন।

**দেশের মেডিকেল শিক্ষার** ক্ষেত্রে পেশাদারদের প্রশিক্ষণের জন্য প্রতিষ্ঠানগুলির আধুনিকীকরণের কথাও বলেছেন অর্থমন্ত্রী। বয়স্ক মানুষদের মেডিকেল সংক্রান্ত পরিষেবা দেওয়ার লক্ষ্যে একটি বিশেষ ব্যবস্থা গড়ে তোলার কথা বলেন তিনি। বেসরকারি সংস্থার সঙ্গে যৌথ উদ্যোগে আঞ্চলিক মেডিকেল হাব গড়ে তোলা হবে বলে অর্থমন্ত্রী জানিয়েছেন।

দেশে মানসিক রোগের মোকাবিলা করতে দ্বিতীয় নিমহ্যান্স ক্যাম্পাস গড়ে তোলা হবে। অন্যদিকে রাঁচী ও তেজপুরে জাতীয় মানসিক স্বাস্থ্য সংস্থাগুলির উন্নয়ন করা হবে।

(বাইট- নিমহান্স)

নির্মলা সীতারামন **পশ্চিমবঙ্গের ডানকুনি থেকে সুরাটের মধ্যে একটি ফ্রেট করিডর** বা মালপত্র পরিবহনের জন্য বিশেষ যোগাযোগ ব্যবস্থার প্রস্তাব করেছেন। তিনি দেশের পণ্য পরিবহন ব্যবস্থাকে শক্তিশালী করে তোলার লক্ষ্যে আগামী ৫ বছরে ২০ টি নতুন জাতীয় জলপথ গড়ে তোলার কথা বলেছেন।

বারানসী ও পাটনাতে অর্থমন্ত্রী দুটি জাহাজ মেরামত কারখানা গড়ে তোলার কথা বলেন।

ভারতের সমুদ্র উপকূল দিয়ে পণ্য পরিবহন বৃদ্ধির লক্ষ্যে তিনি একটি বিশেষ প্রকল্পের প্রস্তাব করেছেন।

দেশের পরিবেশকে নির্মল করে তুলতে এবং ভারতের **কার্বন নির্গমন** সংক্রান্ত লক্ষ্যমাত্রা পূরণে আগামী ৫ বছরের জন্য ২০ হাজার কোটি টাকা ব্যয়ে একটি কার্বন সংগ্রহ, ব্যবহার এবং স্টোরেজের প্রকল্পের প্রস্তাব করেছেন। আগামী ৫ বছরের জন্য দেশের বড় শহরগুলিতে অর্থনৈতিক অঞ্চল গড়ে তুলতে পাঁচ হাজার কোটি টাকা ব্যয় করা হবে। সারা দেশে বড় বড় শহরগুলিতে যোগাযোগ স্থাপনের লক্ষ্যে **৭ টি উচ্চ গতির রেল করিডর** স্থাপন করা হবে বলে তিনি জানিয়েছেন। এর মধ্যে উল্লেখযোগ্য হলো পশ্চিমবঙ্গের শিলিগুড়ি থেকে উত্তরপ্রদশের বারানসী।

(বাইট- হাইস্পীড রেল করিডোর)

বিকশিত ভারতের লক্ষ্যে **ব্যাঙ্কিং ক্ষেত্রের আধুনিকিকরণের** জন্য তিনি একটি উচ্চ পর্যায়ের কমিটি স্থাপনের প্রস্তাব করেছেন। অর্থমন্ত্রী **পাওয়ার ফিনান্স কর্পোরেশন** এবং গ্রামীণ বিদ্যুতীকরণ নিগম পুনর্গনের প্রস্তাব করেছেন। এছাড়াও কর্পোরেট এবং মিউনিসিপ্যাল ক্ষেত্রে কর্পোরেট বন্ডের কথাও বলেছেন।

**বৈদেশিক মুদ্রা পরিচালন** বিধি পুনর্বিবেচনার জন্য সরকার উদ্যোগ নেবে বলে তিনি জানিয়েছেন।

দেশের **উৎপাদন ক্ষেত্রে উন্নয়নের** লক্ষ্যে অর্থমন্ত্রী একগুচ্ছ কর্মসূচীর প্রস্তাব করেছেন। পরিষেবা ক্ষেত্রের ওপরেও জোর দেওয়ার কথা তিনি বলেছেন।

অন্যদিকে, **পরিকাঠামো উন্নয়নের** ওপর জোর দিয়ে অর্থমন্ত্রী বলেছেন, পাঁচ লক্ষের বেশি জনসংখ্যার শহরগুলির জন্য বিশেষ পরিকাঠামো গড়ে তোলা হবে।

তিনি পরিকাঠামো ঝুঁকি গ্যারান্টি তহবিলের কথাও বলেছেন। দেশের ২০০ টি পুরনো শিল্প ক্লাস্টারকে পুনরুজ্জীবিত করে তোলার লক্ষ্যে একটি প্রকল্পের প্রস্তাব দিয়েছেন।

(বাইট- পরিকাঠামো)

অর্থমন্ত্রী দেশে **খেলাধুলা উন্নয়নের** লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি সংক্রান্ত গবেষণা ও উৎপাদনের একটি বিশেষ উদ্যোগ নেওয়া হবে বলে জানিয়েছেন।

**শ্রম নিবিড় টেক্সটাইল** ক্ষেত্রের উন্নয়নের লক্ষ্যে অর্থমন্ত্রী কয়েকটি সুসংহত কর্মসূচীর কথা ঘোষণা করেছেন। এগুলি হল ন্যাশানাল ফাইবার স্কিম, ন্যাশানাল হ্যান্ডলুম অ্যান্ড হ্যান্ডিক্রাফ্ট স্কিম। তিনি দেশের বিভিন্ন স্থানে **মেগা টেক্সাইল পার্ক** গড়ে তোলারও প্রস্তাব দিয়েছেন।

(বাইট- টেক্সটাইল)

**মহাত্মা গান্ধী গ্রাম স্বরাজ** উদ্যোগের মাধ্যমে দেশের খাদি, হস্তচালিত তাঁত শিল্প এবং হস্তশিল্প কলা ক্ষেত্রকে জোরদার করার কথাও বলেছেন তিনি।

শক্তিশালী **মূলধনী পণ্য উৎপাদন** কর্মসূচীকে জোরদার করতে তিনি উচ্চ প্রযুক্তির টুল রুম গড়ে তোলা, নির্মাণ এবং পরিকাঠামো সংক্রান্ত যন্ত্রপাতি উৎপাদনের জন্য একটি বিশেষ কর্মসূচীর কথা বলেছেন।

দেশে **কন্টেনার উৎপাদনের** লক্ষ্যে আগামী ৫ বছরে ১০ হাজার কোটি টাকা ব্যয় করা হবে বলে তিনি জানিয়েছেন। এছাড়াও বিরল খনিজ পদার্থের জন্য বিদেশী

নির্ভরশীলতা কমাতে একটি বিশেষ **বিরল খনিজ করিডর** স্থাপনেরও প্রস্তাব দিয়েছেন। ওড়িশা, কেরালা, অন্ধ্রপ্রদেশ ও তামিলনাড়ুর মধ্যে এই

করিডোরের বিরল খনিজ পদার্থ উত্তোলন, প্রক্রিয়াকরণ, গবেষণা ও উৎপাদনের কাজ হবে।

অর্থমন্ত্রী ভারতের **দ্বিতীয় সেমিকন্ডাকটর মিশনের** কথা ঘোষণা করেছেন। ভারতের তথ্য প্রযুক্তি শিল্পকে আরও উন্নত করে তুলতে বৈদ্যুতিন যন্ত্রপাতি উৎপাদন প্রকল্পে ব্যয় বরাদ্দ বাড়িয়ে ৪০ হাজার কোটা টাকার কথা বলা হয়েছে।

অর্থমন্ত্রী দেশে একটি নতুন **ন্যাশানাল ইনস্টিটিউট অফ ডিজাইন** গড়ে তোলার প্রস্তাব করেছেন। এছাড়া দেশের প্রত্যেকটি জেলায় একটি করে **গার্লস হোস্টেলও** গড়ে তোলার কথা তিনি বলেছেন। দেশে পাঁচটি **বিশ্ববিদ্যালয়** টাউনশিপ গড়ে তোলার কথাও তিনি বলেন। এছাড়া আতিথেয়তা ক্ষেত্রের উন্নয়নে একটি নতুন **ন্যাশানাল ইনস্টিটিউট অফ হসপিটালিটি** গড়ে তোলার প্রস্তাবও দিয়েছেন তিনি।

দেশের ২০ টি **পর্যটন কেন্দ্রে** কর্মরত ১০ হাজার গাইডের দক্ষতা বৃদ্ধির উদ্যোগ নেওয়া হবে বলে তিনি জানিয়েছেন। দেশের পূর্বাঞ্চলের পাঁচটি রাজ্যেক পর্যটনের লক্ষ্যস্থল হিসাবে গড়ে তুলতে সরকার উদ্যোগ নেবে বলে তিনি জানান। উত্তর পূর্বাঞ্চলের বৌদ্ধ পর্যটন সার্কিটগুলির উন্নয়নে নতুন উদ্যোগ নেওয়া হবে।

অন্যদিকে জাতীয় পর্যায়ে **ডিজিটাল নলেজ গ্রীড** স্থাপনের তিনি প্রস্তাব দিয়েছেন। দেশের ১৫ টি উল্লেখযোগ্য প্রত্নক্ষেত্রকে সাংস্কৃতিক উদ্যোগের কেন্দ্রবিন্দু হিসাবে গড়ে তুলতে উদ্যোগ নেওয়া হবে বলে তিনি জানিয়েছেন।

দেশের অন্যভাবে সক্ষম মানুষদের জন্য এবং তাদের মর্যাদাপূর্ণ জীবন-জীবিকার সুযোগ দিতে দিব্যাঙ্গজন কৌশল যোজনার কথা অর্থমন্ত্রী বলেছেন। এছাড়াও তাদের জন্য বিশেষ যান্ত্রিক সহায়তা ব্যবস্থা করতে দিব্যাঙ্গ সাহারা যোজনার প্রস্তাব দিয়েছেন।

oooooooooooooooo

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আজ লোকসভায় ২০২৬-২৭ অর্থবর্ষের বাজেট পেশ করে জানিয়েছেন, দেশে নতুন আয়কর আইন ২০২৫ এবছরের পয়লা এপ্রিল থেকে কার্যকর হবে। নতুন এই আইন আয়কর বিধির সরলীকরণ করা হয়েছে। এছাড়াও করদাতারা যাতে সঠিক সময়ের মধ্যে তাদের রিটার্ন ফাইল করতে পারেন, সেই লক্ষ্যে নতুন ফর্ম প্রকাশ করা হবে। করকাঠামো অপরিবর্তিত রাখা হয়েছে।

অর্থমন্ত্রী জানিয়েছেন, গাড়ি দুর্ঘটনার ক্ষেত্রে সংশ্লিষ্ট ট্রাইব্যুনাল যে আর্থিক ক্ষতিপূরণ দিয়ে থাকে, এখন থেকে তার ওপর কোনো আয়কর ধার্য করা হবে না। নতুন আয়কর আইনে ৩১ শে জুলাই পর্যন্ত রিটার্ন দাখিল করা যাবে। অডিট না হওয়া ট্রাস্ট বা ব্যবসায়িক ক্ষেত্রের জন্য রিটার্ন দাখিলের সময়সীমা ৩১ শে আগস্ট করা হবে।

অর্থমন্ত্রী প্রত্যক্ষ করের ক্ষেত্রে টিডিএস ও টিসিএস এবং আয়কর ছাড়ের একাধিক ব্যবস্থা প্রস্তাব করেছেন। বিদেশ যাত্রা, শিক্ষা এবং মেডিকেল ক্ষেত্রে টিসিএস-এর হার পাঁচ ও ২০ শতাংশ থেকে কমিয়ে ২ শতাংশ করার প্রস্তাব দিয়েছেন।

এছাড়া আয় গোপন করে রিটার্ন দাখিল করলে একশো শতাংশ হারে অতিরিক্ত কর দিতে হবে বলে তিনি জানিয়েছেন।

(বাইট- ১-শো শতাংশো জরিমানা)

অর্থমন্ত্রী দেশে রাজকোষ ঘাটতি ২০২৫-২৬ অর্থবর্ষের মোট অভ্যন্তরীন উৎপাদনের চার দশমিক ৫ শতাংশের নীচে ধরে রাখার প্রস্তাব দিয়েছেন। ২০২৬-২৭-এ রাজকোষ ঘাটতির পরিমাণ জিডিপির চার দশমিক ৩ শতাংশে নামিয়ে আনা হবে বলে তিনি জানিয়েছেন। তিনি মোট ব্যয়ের সংশোধিত পরিমান ৪৯ দশমিক ৬ লক্ষ কোটি টাকা হবে বলে জানিয়েছেন। ২০২৬-২৭ অর্থবর্ষে ঋণ নয়, এই ধরনের আদায়কৃত অর্থের পরিমাণ ৩৬ দশমিক ৫ লক্ষ কোটি টাকা হবে বলে জানিয়েছেন। সিকিউরিটি থেকে বাজারে ঋণ বাবদ ১১ দশমিক ৭ হাজার কোটি টাকা পাওয়া যাবে বলে অর্থমন্ত্রী

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আজ লোকসভায় ষোড়শ অর্থ কমিশনের রিপোর্ট পেশ করেছেন। এই রিপোর্টে ২০২৬ থেকে ২০৩১ সাল পর্যন্ত কেন্দ্র এবং রাজ্যগুলির মধ্যে রাজস্বের অংশভাগ বিষয়ে সূত্র রয়েছে। সংবিধানে ২৮০ ধারা অনুসারে অর্থ কমিশন কেন্দ্র ও রাজ্যের মধ্যে রাজস্ব বন্টন বিষয়ে সুপারিশ করে থাকে। তবে কেন্দ্রীয় সরকারের ধার্য শেস ও সারচার্জ কিন্তু বন্টন যোগ্য রাজস্ব হিসাবে বিবেচিত হয়না। নির্দিষ্ট সময় অন্তর অর্থ কমিশন কেন্দ্র ও রাজ্যের আর্থিক সম্পর্ক বিষয়ে বিভিন্ন ধরনের সুপারিশ ও প্রস্তাব দিয়ে থাকে।

বাজেট পেশ করার পর কেন্দ্রীয় অর্থমন্ত্রী লোকসভায় ২০২৬-এর অর্থবিল পেশ করেছেন। এছাড়াও ২০০৩-এর আর্থিক দায়িত্ব এবং বাজেট পরিচালন আইন অনুসারে একটি বিবৃতিও তিনি জমা দিয়েছেন। এই বিবৃতিতে দেশের আর্থিক নীতি ও আর্থিক রণকৌশলের রূপরেখা দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় মন্ত্রী সহ বনিকসভা এবারের বাজেটকে স্বাগত জানিয়েছে।

সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু এই বাজেটকে উন্নতি এবং বিকাশমুখী বলে উল্লেখ করেছেন। সংসদের বাইরে সাংবাদিকদের তিনি বলেন, রাজণোইতিক দৃষ্টিভঙ্গীকে দূরে সরিয়ে বিকশিত ভারতের লক্ষ্যে তৈরী হয়েছে এবারের বাজেট। দেশের জনগনের কথাও স্মরণে রাখা হয়েছে।

oooooooooooooooooooooo

বণিকসভা সি আই আই, ২০২৬ এর কেন্দ্রীয় বাজেটের প্রশংসা করেছে। সংস্থার সভাপতি রাজীব মেমানি সাংবাদিকদের বলেন, এ বারের বাজেটে এম এস এম ই সহ বাণিজ্য ক্ষেত্রের সব অংশের চাহিদা মেটানো হয়েছে। এবারই প্রথম মূলধনী ব্যয় ১০ থেকে ১২ শতাংশ বেড়েছে। কর ব্যবস্থার সরলীকরণের দিকটিও নজরে রাখা হয়েছে।

ooooooooooooooooooooo

সন্ত গুরু রবিদাসের ৬৪৯-তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী **আজ পাঞ্জাব সফরে** যাবেন। তিনি আদমপুর বিমানবন্দর পরিদর্শনের পর সেটি ‘শ্রী গুরু রবিদাসজী বিমান বন্দর’ হিসেবে নতুন নামকরণে উপস্থিত থাকবেন। প্রধানমন্ত্রীর দপ্তর জানিয়েছে, সন্তজীর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে বিমান বন্দরটির নতুন নামকরণ করা হচ্ছে। শ্রীমোদী, লুধিয়ানায় হালওয়ারা বিমান বন্দরের টার্মিনাল বিল্ডিং-এরও উদ্বোধন করবেন। এই বিমান বন্দরটি ভারতীয় বায়ু সেনার একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘাঁটি। যোগাযোগ এবং বড় বিমানের ওঠানামার সুবিধার্থে হালওয়ারাতে একটি নতুন সিভিল এনক্লেভ তৈরী করা হয়েছে, যেখানে দীর্ঘ রানওয়েতে এ-থ্রি টোয়েন্টির মত বিমান ওঠানামা করতে পারবে।

oooooooooooooooooooooo

ভারতীয় উপকূল রক্ষী বাহিনীর ৫০ তম প্রতিষ্ঠা দিবস আজ উদযাপন করা হচ্ছে। ৫০ বছর ধরে দেশের প্রতি তাদের নিঃস্বার্থ সেবা বিশেষভাবে উল্লেখযোগ্য। ১৯৭৭ সালে মাত্র ৭ টি সারফেস প্ল্যাটফর্ম দিয়ে শুরু করে ভারতীয় উপকূল রক্ষী বাহিনী বর্তমানে ১৫৫ টি নৌ জাহাজ এবং ৮০ টি বিমান সহ বিশ্বের অন্যতম বৃহত্ বাহিনীর মর্যাদা লাভ করেছে। ২০৩০ সালের মধ্যে উপকূলরক্ষী বাহিনীর ২০০ টি সারফেস প্ল্যাটফর্ম এবং ১০০ টি বিমান সামিল করার লক্ষ্যমাত্রা রয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই উপলক্ষে উপকূলরক্ষী বাহিনী সমস্ত সদস্যদের প্রতি শুভেচ্ছআ জানিয়েছেন। এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন, সামুদ্রিক নিরাপত্তার ক্ষেত্রে এবং যেকোনো ধরনের বিপর্যয় মোকাবিলা অত্যন্ত প্রশংসনীয় কাজ করে চলেছে।

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং-ও প্রতিষ্ঠা দিবসে ভারতীয় উপকূল রক্ষী বাহিনী সদস্যদের শুভেচ্ছা জানিয়েছেন। তিনি এই বাহিনীর কর্তব্য নিষ্ঠার প্রশংসা করেছেন।

ooooooooooooooooooooooo

ভারত নিউজিল্যান্ডের বিরুদ্ধে পাঁচ ম্যাচের টি -২০ সিরিজ ৪-১ এ জিতে নিয়েছে। গতকাল তিরুবনন্তপূরমে শেষ টি -২০ ম্যাচে ভারত ৪৬ রানে নিউজিল্যান্ডকে হারিয়ে দেয়। টসে জিতে প্রথমে ব্যাট করে ভারত ২০ ওভারে ৫ উইকেটে ২৭১ রান তোলে। ঈশান কিষান ১০৩, অধিনায়ক সূর্য কুমার যাদব ৬৩ , হার্দিক পান্ডিয়া ৪২ রান করেন। নিউজিল্যান্ডের লকি ফার্গুসন দুই উইকেট নেন। জবাবে নিউজিল্যান্ড ১৯ ওভার ৪ বলে ২২৫ রানে অলআউট হয়ে যায়। ফিন অ্যালেন ৮০ রান করেন। ভারতের

অর্শদীপ সিং ৫ , অক্ষর প্যাটেল তিন উইকেট নেন। ঈশান কিষান ম্যাচের ও অধিনায়ক সূর্য কুমার যাদব সিরিজের সেরা হয়েছেন ।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo